

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
প্রধান বয়লার পরিদর্শকের কার্যালয়  
শিল্প মন্ত্রণালয়  
শিল্প ভবন, এনেক্স বিল্ডিং  
৯১, মতিঝিল বা/এ, ঢাকা- ১০০০  
www.boiler.gov.bd

নম্বর : ৩৬.১১.০০০০.০০১.১৮.০২৯.১৯. ২৮৩৪

তারিখ : ১৫/১০/১৯


### অফিস আদেশ

প্রধান বয়লার পরিদর্শকের কার্যালয় কর্তৃক প্রদত্ত সেবাসমূহের মধ্যে “বয়লার নিবন্ধন” গুরুত্বপূর্ণ। শিল্প কারখানায় বয়লারের নিরাপদ চালনা নিশ্চিত করার লক্ষ্যে বয়লার আইন, ১৯২৩ মোতাবেক বয়লার নিবন্ধন করা বাধ্যতামূলক। এ কার্যালয় কর্তৃক পরিদর্শন ও পরীক্ষণপূর্বক প্রতি বছর প্রায় ৭০০ বয়লার নিবন্ধন করা হয়। বয়লার নিবন্ধন দ্রুত করার লক্ষ্যে ইতোমধ্যে প্রধানমন্ত্রীর কার্যালয়ের এটুআই এর সহযোগিতায় সেবা সহজীকরণের প্রয়োগিক অনুশীলন কার্যক্রম সম্পন্ন করা হয়েছে এবং একটি সেবা বিশ্লেষণ ও সুপারিশমালা প্রণয়ন করা হয়েছে। সুপারিশমালা নিম্নে প্রদান করা হলো :

- ১। বিধি মোতাবেক প্রয়োজনীয় সকল কাগজপত্র ও ফিসহ আবেদন দাখিল করতে হবে।
- ২। নির্ধারিত সময়সীমার মধ্যে পরিদর্শনপূর্বক প্রতিবেদন দাখিল করতে হবে।
- ৩। বয়লার নিবন্ধনযোগ্য না হলে আবেদনকারীকে পত্র মারফত অবহিত করতে হবে।

বর্ণিত সুপারিশমালার আলোকে “বয়লার নিবন্ধন” এর সেবাকে সহজীকরণের পরিকল্পনা গ্রহণপূর্বক এ কার্যালয়ের স্মারক নং- ১০৫৮৮ তারিখ: ১৪/০৩/২০১৯ এর মাধ্যমে পাইলট ভিত্তিতে ঢাকা অঞ্চলে পরিচালনার জন্য আদেশ জারি করা হয়। বর্তমানে পাইলটিং কার্যক্রমটি সফলভাবে পরিচালিত হচ্ছে।

এমতাবস্থায়, বয়লার নিবন্ধন কার্যক্রমটি প্রধান বয়লার পরিদর্শকের কার্যালয় এর অধীন সকল আঞ্চলিক কার্যালয়ে যথাযথভাবে প্রতিপালনের জন্য নির্দেশ প্রদান করা হলো।



(মোহাম্মদ আব্দুল মান্নান)

প্রধান বয়লার পরিদর্শক

ফোনঃ ৯৫৬৭১০৮

E-mail : infoboiler@yahoo.com

বিতরণ : কার্যার্থে।

- (১) উপ-প্রধান বয়লার পরিদর্শক (সকল)।
- (২) বয়লার পরিদর্শক (সকল)।
- (৩) সংশ্লিষ্ট নথি।

অনুলিপি : সদয় অবগতির জন্য

- (১) উপসচিব, প্রণোদন অধিশাখা, শিল্প মন্ত্রণালয়।